**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 20 JUNE 2025, FRIDAY । ২০ জুন ২০২৫, শুক্রবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-308 PAGE । পৃষ্ঠা-4

## সিউড়িতে নারী সম্মান যাত্রায় কেষ্ট কে নিশানা শুভেন্দুর



এই যুগ ,বীরভূম ,১৯ জুন : বীরভূমে কেষ্টর গড়ে নারী সম্মান যাত্রায় অংশগ্রহণ শুভেন্দু অধিকারীর।আইসি-কে কদর্য ভাষায় হুমকির অভিযোগ উঠেছিল বীরভূমে। এবার বীরভূমের সিউড়িতে নারী সম্মান যাত্রা করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। 'গোটা নারী সমাজকে অপমান করেছেন অনুব্রত মণ্ডল', সিউড়িতে দাঁড়িয়ে কড়া ভাষায় মন্তব্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। বৃহস্পতিবার সিউড়ি বেনীমাধব হাইস্কুল মাঠ থেকে থেকে শুরু হয়ে সিউড়ি বাস স্ট্যান্ডে এই মিছিল শেষ হয় ।অনুব্রত মণ্ডল ও কাজল শেখকে একযোগে নিশানা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।বোলপুর থানার আইসি কে আক্রমণ করতে গিয়ে তাঁর মা ও স্ত্রী সম্পর্কেও অশ্লীল মন্তবয় করেছেন অনুব্রত মণ্ডল। তারই প্রতিবাদে ৯ জুন বোলপুরের পর বৃহস্পতিবার সিউড়িতে নারী সম্মান যাত্রা করলেন শুভেন্দু অধিকারী। এদিন শুভেন্দু অধিকারী বলেন, 'নারী সম্মান যাত্রা আমরা ৯ তারিখ থেকে শুরু করেছি। এবং এটা ধারাবাহিকভাবে হবে। যে ভাষায় বোলপুরের আইসি এবং তাঁর মাকে বলেছেন, এটা সামগ্রিকভাবে বাংলার, নারী সমাজের লাঞ্চনা -অপমান এবং নারী সমাজের প্রতি এই ভাষা প্রকাশ করা, কানে শোনা দায়। আমরা তাঁর গ্রেফতার দাবি করি। যতক্ষণ না গ্রেফতার করবে, নারী সম্মান যাত্রা, এরপরে বীরভূমেরই রামপুরহাটে আমাদের বড় কর্মসূচি আছে।

## ড্রাগ এর বিরুদ্ধে সচেতনতা শিবির জয়গাঁয়




সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৯ জুন : আলিপুরদুয়ার জেলা প্রশাসন ও জয়গাঁ থানার যৌথ উদ্যোগে বৃহস্পতিবার জয়গাঁ ননী ভট্টাচার্য মহাবিদ্যালয়ে আয়োজিত হয় ড্রাগ এর বিরুদ্ধে সচেতনতা শিবির। এক দিবসীয় এই শিবিরে উপিস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দাস, জয়গাঁ থানার আই সি পালজের ভুটিয়া। জয়গাঁ থানার ওসি মিংমা শেরপা, কলেজের ছাত্র ছাত্রী গন সহ স্থানীয় লোকজন। জানা গেছে আলিপুরদুয়ার জেলার পুলিশ সুপার ওয়াই রঘুবংশীর নির্দেশনা ও তত্বাবধানে এই শিবিরটি আয়োজিত হয়। শিবিরে বক্তারা ড্রাগের অপব্যবহার ও কুফল সম্পর্কে বক্তব্য রাখেন। অতিরিক্ত পুলিশ সুপার মানবেন্দ্র দাস জানান যুব সমাজকে ড্রাগের বিপদ সম্পর্কে সচেতন করে তার যাতে ড্রাগমুক্ত সুস্থ জীবন যাপন করে সেই লক্ষ্যেই এই কর্মসূচি।

## ৬৬ টি সম্প্রদায়কে নিয়েই শুরু করতে হবে নিয়োগপ্রক্রিয়া, নির্দেশ হাইকোর্টের



এই যুগ, কলকাতা ,১৯ জুন : ওবিসি নিয়ে কলকাতা হাইকোর্টে এবার আদালত অবমাননার মামলা। 'ওবিসি বিজ্ঞপ্তিতে স্থগিতাদেশের পরেও কেন চালু কলেজে ভর্তির পোর্টাল?', প্রশ্ন তুলে হাইকোর্টে আদালত অবমাননার মামলা করা হয়েছে। মুখ্যসচিব ও উচ্চশিক্ষা দফতরকে যুক্ত করা হয়েছে মামলায়। পুরসভার সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে নিয়োগের প্রক্রিয়া আজই শুরু হবে, নির্দেশ বিচারপতি কৌশিক চন্দের। কলকাতা হাইকোর্টের নির্দেশমতো ৬৬ টি সম্প্রদায়কে নিয়েই শুরু করতে হবে নিয়োগ প্রক্রিয়া, নির্দেশ আদালতের। ৭ দিনের মধ্যে প্রয়োজনীয় অনুমতি দেবে রাজ্যসরকার, তারপর বাকি নিয়ম মেনে চলবে এই নিয়োগ, নির্দেশ কলকাতা হাইকোর্টের। ৭৮ টি শূন্যপদে হবে নিয়োগ। ডিভিশন বেঞ্চের নির্দেশ না মানা নিয়ে একে অপরকে দোষারোপ করছে পুরসভা, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন, মন্তব্য আদালতের। আদালতের নির্দেশ অনুযায়ী ভার্চুয়ালি হাজিরা দেন কলকাতা পুরসভার কমিশনার, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের চেয়ারম্যান।

## এয়ার অ্যাম্বুলেন্সে করে দিল্লিতে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হচ্ছে বিজেপি সাংসদকে



এই যুগ, কলকাতা ,১৯ জুন : হাসপাতাল সূত্রে খবর, স্থিতিশীল হলেও সঙ্কট এখনও কাটেনি বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। পরিবার, আত্মীয়স্বজন এবং বিজেপির তরফে দিল্লিতে নিয়ে যাবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গ্রিন করিডর করে অ্যাডভান্স লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্সে করে এয়ার অ্যাম্বুলেন্সের মাধ্যমে দিল্লিতে নিয়ে যাওয়া হচ্ছে বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে। উন্নত চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্যই দিল্লি নিয়ে যাওয়া হচ্ছে। এই ট্রান্সফারে তাঁর সঙ্গে থাকবেন একটি বিশেষজ্ঞ চিকিৎসক দল। এতদিন আইসিইউ সাপোর্টে ছিলেন প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, তাঁর শারীরিক অবস্থা এখনও সঙ্কটজনক এবং তিনি 'লো ফ্লো অক্সিজেন সাপোর্ট'-এ ছিলেন। চিকিৎসা চলছিলই, তবে অসুস্থতা এখনও কাটেনি। এই পরিস্থিতিতে দিল্লি এইমসে নিয়ে যাওয়া হচ্ছে অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে। উডল্যান্ডস থেকে এয়ার অ্যাম্বুল্যান্সে নিয়ে যাওয়া হচ্ছে বিজেপি সাংসদকে। এখনও অসুস্থ প্রাক্তন বিচারপতি। অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিস ও গ্যাসট্রো ইনটেস্টাইনাল সেপসিসে ভুগছেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়। জানা গিয়েছে, দিল্লিতে অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সঙ্গে তাঁর ভাইপো এবং দীর্ঘদিনের গাড়ির চালক যাবেন। এরপর পরিবারের বাকি পরিজনেরাও সেখানে যাবেন বলে জানা গেছে।

## জেলার কথা

# কুমারগ্রামের হলদিবাড়িতে নাবালিকার আত্মহত্যা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ জুন : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে নাবালিকার মৃতদেহ ময়নাতদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেওয়া হয় বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ এমনটাই জানা গেছে কুমারগ্রাম থানার পুলিশ সূত্রে। ১৩ বছরের নাবালিকা শুভমায়া বর্মন গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে। পুলিশ তার মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠায় বৃহস্পতিবার দুপুরে। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়। কুমারগ্রাম ব্লকের হলদিবাড়ি এলাকায় এমন ঘটনায় রীতিমতো চোখের ছায়া নেমে এসেছে নাবালিকার আত্মহত্যার পরেই। কি কারনে নাবালিকা আত্মহত্যা করেছে তার তদন্ত শুরু হয়েছে পুলিশের পক্ষ থেকে।

## কাগজের নৌকা

**২০ জুন ২০২৫ , শুক্রবার**

### সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জীবনটা এক যেন মরু-তীর্থ ,
গুল্ম সমতুল্য ,
সুখের সিঁড়ি বড় পিঁছোল ,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে ,
হড়কে পড়ার বড় ভয় ,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায় ,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি ,
বেঁচে আছি শুধু ,
বুকের ভেতর কষ্ট নিয়ে ,
বহাল তবিয়তে ,
শুধুই হৃদয় জুড়ে ,
কষ্টগুলো আগলে রেখে ,
ফিরেই আছে শুধু পাল তুলে ,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা ,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন ,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে ,
আঁধার নামবে অমাবস্যার রাতে ,
সমাজের চোখে হয়তো , জীবিত হয়েই যাবে ,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও ,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে ,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# স্কুলের বারান্দায় ঝুলন্ত মৃতদেহ ঘিরে চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,১৯ জুন : আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের উত্তর মন্ডলের খাতোপাড়া বি এফ পি স্কুলের বারান্দায় এক মহিলার আত্মহত্যার ঘটনায় কোন ছাত্র স্কুলে আসেনি এদিন এমনটাই জানা গেছে স্কুলের শিক্ষক শিক্ষিকাদের কাছ থেকে। স্কুলের বারান্দায় এমন দুর্ঘটনা ঘটার পরে রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েছেন খুদে পড়ুয়ারা। আগামীকাল অর্থাৎ শুক্রবার কিভাবে তারা ওই স্কুলে ক্লাস করবেন তাই নিয়ে নানারকম প্রশ্ন উঠেছে অভিভাবক মহলেও। এদিন স্কুলে কোন ছাত্র-ছাত্রী আসেনি যদিও স্কুল খোলা ছিল। আলিপুরদুয়ার উত্তর মন্ডলের অবর বিদ্যালয় পরিদর্শক দিবাকর দেবনাথ জানিয়েছেন ঘটনার কথা শোনার পরেই তিনি স্কুলে গিয়েছিলেন। এলাকার বাসিন্দা এবং শিক্ষক দের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেছেন। তবে স্বাভাবিক পরিস্থিতিতে ফিরে আসবে স্কুল এমনটাই জানিয়েছেন তিনি।

# জলপাইগুড়ি দমকল কেন্দ্রের উদ্যোগে অগ্নি নির্বাপন বিষয়ে সচেতনতা শিবির



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , জলপাইগুড়ি , ১৯ জুন :জলপাইগুড়ি শহরের দীনবাজারের ব্যবসায়ীদের নিয়ে বৃহস্পতিবার আগুন নেভানো বিষয়ে সচেতনতা শিবির আয়োজিত করে জলপাইগুড়ি দমকল কেন্দ্র। জানা গেছে আগু। লাগলে তা কিভাবে নেভাতে হবে,অগ্নি নির্বাপক যন্ত্র কিভাবে ব্যবহার করতে হয় , আগুন আটকে পড়া লোকজনকে কিভাবে উদ্ধার করতে হয় এবং আগুন যাতে না লাগে সে বিষয়ে কি কি সতর্কতা অবলম্বন করতে হবে এসব বিষয়ে বক্তব্য পেশ করে ব্যবসায়ীদের সচেতন করা হয়। জলপাইগুড়ি দমকল কেন্দ্রের ও সি গোবিন্দ রায় জানান এদিনের শিবিরে শতাধিক ব্যবসায়ী উপস্থিত ছিলেন।



# বিলে আলোচনায় অংশ নেওয়া বিজেপি বিধায়কের বক্তব্যের সবটাই বাদ ,জানালেন অধ্যক্ষ



এই যুগ , কলকাতা ,১৯ জুন : বিধানসভায় নজিরবিহীন সিদ্ধান্ত অধ্যক্ষের ।মন্ত্রীর জবাবি ভাষণ না শোনায় কার্যবিবরণী থেকে বাদ বিজেপির সব বিধায়কদের বক্তব্য ,জানালেন অধ্যক্ষ। বিধানসভায় ২ দিন ধরে চলছে সেলস্ ট্যাক্সের বিলের ওপর আলোচনা। গতকাল শঙ্কর ঘোষ দাবি করেন ,বিরোধীদের আরও সময় দেওয়া উচিত। শঙ্কর ঘোষ জানিয়ে দেন ,তারা মন্ত্রীর বক্তব্য শুনবেন না। যখন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ভাষণ দিতে ওঠেন , তখন বিজেপি বিধায়কেরা বেরিয়ে যান। শঙ্কর ঘোষ , জানিয়ে দেন , তাঁরা মন্ত্রীর বক্তব্য শুনবেন না। আজ মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের জবাবি ভাষণ দিতে ওঠামাত্র বিজেপি বিধায়করা বেরিয়ে যান। চন্দ্রিমা ভট্টাচার্য জানান , এটা অত্যন্ত অপমানজনক , এর একটা বিহিত হওয়া দরকার। এই রকম মন্ত্রী কে অপমানের শাস্তি হিসাবে বিধানসভার অধ্যক্ষের এমন সিদ্ধান্ত বলে মনে করছে বিভিন্ন রাজনৈতিক মহল ।

# শিলিগুড়ির চম্পাসারি মোড় এর একটি এটিএম লুট করে পালিয়ে গেলো দুষ্কৃতিরা




নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ১৯ জুন : বুধবার রাতে শিলিগুড়ির চম্পাসারি মোড়ে একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের এটি এম লুট করে সাড়ে দশ লক্ষ টাকা নিয়ে পালিয়ে যায় দুষ্কৃতিরা। এটিএম এর বিপরীত দিকের একটি বাড়ির এক তরুনী এটি এম লুটের বিষয়টি লক্ষ্য করে একশ নম্বরে ডায়াল করে কিন্তু কাজ হয়নি। সে তারপর তার বাবাকে বিষয়টি জানালে বাবা একজন পুলিশ অফিসারকে ফোন করে বিষয়টি জানান। তিনি বলেন দুষ্কৃতিরা একটি সাদা গাড়ি করে আসে , তাদের মুখ বাধা ছিলো। তারা গ্যাস কাটার দিয়ে এটি এম কেটে তার ভেতরে থাকা টাকা নিয়ে পালিয়ে যাবার সময় এটি এমে আগুন ধরিয়ে দেয়। আগুন দেখে তিনি পুলিশ অফিসারকে ফোনে বিষয়টি জানান। তারপর থানা থেকে পুলিশ আসে , আসে দমকল। নিভিয়ে ফেলা হয় আগুন। তদন্তে নেমে পুলিশ এটি এম থেকে এক কিলোমিটার দূরে একটি ঝোপ থেকে উদ্ধার করে গ্যাস কাটার। পুলিশের অনুমান এই গ্যাস কাটার দিয়ে এটি এম কাটা হয় ও পালিয়ে যাবার পথে লুটেরারা এটি ফেলে রেখে যায়। পুলিশের ধারনা দুষ্কৃতি দলটি বিহারের দিকে পালিয়েছে। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# নন্দীগ্রামে বোমা বিস্ফোরণে আহত এক মহিলা



এই যুগ , পূর্ব মেদিনীপুর ,১৯ জুন : এবার পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে বোমা বিস্ফোরণে আহত এক মহিলা। বৃহস্পতিবার নন্দীগ্রামের কালীচরণপুরে এক মহিলার বাড়ির পিছনে বিস্ফোরণের ঘটনা ঘটে , আহত হয়েছেন মহিলা বলে জানা যাচ্ছে।মজুত বোমা থেকে বিস্ফোরণ ঘটেছে বলে অনুমান পুলিশের। ওই মহিলা বাড়িতে একাই থাকতেন বলে জানা গেছে ।বাড়ির পিছনে সাফাই করতে গিয়ে বিস্ফোরণ শব্দ , আহত মহিলাকে নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আশঙ্কাজনক অবস্থায় তাম্রলিপ্ত হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে বলে জানা গেছে।



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।